আলমডাঙ্গায় দোকানের শাটার ভেঙে মোবাইলসহ ১০ লাখ টাকার মালামাল চুরি

আলমডাঙ্গা উপজেলার একটি দোকান থেকে ৩৫টি স্মার্ট মোবাইল ফোন, রিচার্জ কার্ডসহ নগত ৫ হাজার টাকা চুরি হয়েছে। যার সব বাজার মূল্য প্রায় ১০ লাখ টাকা।

গতকাল শনিবার সকাল ৭ টার দিকে উপজেলার ভাঙবাড়িয়া ইউনিয়নের হাটবোয়ালিয়া বাজারের রোজি টেলিকমে এ চুরির ঘটনা ঘটে।

চুরির ঘটনায় ওই দোকান পরিদর্শন করেছেন আলমডাঙ্গা থানার (ওসি) মাসুদুর রহমান।

জানা গেছে, গতকাল শুক্রবার রাত সাড়ে ৯টায় মার্কেটের সবাই দোকান বন্ধ করে চলে যান। আজ শনিবার সকাল সাড়ে ৭টায় পাশের দোকানের কর্মচারী দোকান খুলতে গেলে দেখতে পান দোকানের তালা খোলা ও শাটার ভাঙা। পরে রোজি টেলিকমের মালিক মজিবুলের মোবাইল ফোনে জানালে তিনি তার দোকানের সিসি ক্যামেরার ভিডিওতে দেখতে পান তার দোকানে চুরি হয়েছে।

দোকান মালিক মজিবুল ইসলাম বলেন, আমার দোকান থেকে ৩৫ টি স্মার্ট মোবাইল, রিচার্জ কার্ড ও নগত ৫ হাজার টাকা চুরি হয়েছে। যার বাজার মূল্য প্রায় ১০ লাখ টাকা। আমি আইনগত ব্যবস্থা নেব।

আলমডাঙ্গা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. মাসুদুর রহমান জানান, চুরির ঘটনায় দোকানের সিসি ক্যামেরার মেমোরি কার্ড থানায় আনা হয়েছে। তদন্ত করে ব্যবস্থা নেওয়া হবে।

দর্শনা কেরুজে ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক হিসাবে হাফিজুলের দায়িত্বভার গ্রহণ

দর্শনা কেরুজ শ্রমিক কর্মচারী ইউনিয়নের ভারপ্রাপ্ত সাধারন সম্পাদক হিসাবে হাফিজুর রহমান শপথ বাক্য পাঠ করে দায়িত্বভার গ্রহণ করেছে।

আজ শনিবার (১৯ অক্টোবর) সকাল সাড়ে ১০ টায় কেরুজ শ্রমিক কর্মচারী ইউনিয়ন কার্যালয় এ শপথ বাক্য অনুষ্ঠান অনুষ্টিত হয়।

শপথ বাক্য অনুষ্ঠানে কেরুজ শ্রমিক কর্মচারী ইউনিয়নের সভাপতি ফিরোজ আহম্মেদ সবুজের সভাপতিত্বে প্রধান অতিথী হিসাবে উপস্থিত থেকে শপথ বাক্য পাঠ করান কেরু এন্ড কোম্পানির ব্যবস্থাপনা পরিচালক রাব্বিক হাসান।

এ সময় তিনি বলেন, গঠন তন্ত্রের ১৯ এর ২৬ ধারা গ অনুচ্ছেদ অনুযায়ী সাধারণ সম্পাদকের অনুপস্থিতিতে ১ নং সহ সম্পাদক সাধারণ সম্পাদকের দায়িত্ব পাবেন। নীতিমালার নিয়মানুয়ায়ী হাফিজুল ইসলাম ১নং সহ-সাধারণ সম্পাদক হিসেবে দায়িত্বভার গ্রহন করেন। শ্রমিক ইউনিয়নের নীতিমালা অনুযায়ী তাকে ভারপ্রাপ্ত সাধারন সম্পাদক হিসাবে দায়িত্ব দেওয়া হলো।

তিনি আরও বলেন সাধারণ সম্পাদক পদটি খুবুই গুরুত্বপূর্ণ সততা ও নিষ্ঠার সাথে দায়িত্ব পালন করতে হবে। এছাড়া কেরু এ্যান্ড কোম্পানি লিমিটেডের সার্বিক উন্নয়নে ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক হিসাবে সকল পর্যায় সহযোগিতা করে যাবেন বলে আশা করছি।

এ অনুষ্ঠানে বিশেষ অতিথী হিসাবে উপস্থিত ছিলেন, মহাব্যাবস্থাপক (কারখানা) সুমন কুমার সাহা,মহাব্যাবস্থাপক অর্থ মোহাম্মদ আব্দুস ছাত্তার, মহাব্যাবস্থাপক কৃষি আশরাফুল আলম ভৃইয়া, ডিষ্টিলারী জি এম রাজিবুল হক, মহাব্যাবস্থাপক প্রশাসন ইউসুফ আলী।

এ শপথ বাক্য অনুষ্ঠানে ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক হাফিজুল ইসলাম বলেন, আপনারা আমাকে যে দায়িত্ব দিচ্ছেন আমি যেন সে দায়িত্ব সঠিক ভাবে পালন করতে পারি। আমি যেন শ্রমিকদের পাশে থেকে শ্রমিকদের

ন্যায্য অধিকার আদায় করেতে পারি। এছাড়া আমার শ্রমিক ইউনিয়নের সভাপতি সহ ইউনিয়নের সকল পর্যায়ের শ্রমিক নেতাদের সাথে নিয়ে সকলে মিলে প্রশাসনের সাথে শ্রমিকদের অধিকার ও মিলের উন্নয়নে কাজ করে যেতে পারি আমার জন্য দোয়া করবেন
এ সময় তিনি আরও বলেন বর্তমান সাধারণ সম্পাদক মাসুদুর রহমান মাসুদ আমার রাজনৈতিক গুরু তার পরিবারের কথা ও তার কথা আমি আজীবন মনে রাখবো।

এ সময় আরও উপস্থিত ছিলেন, সহ সভাপতি মফিজুল ইসলাম, রেজাউল হক, কোষাধ্যক্ষ আবু সাইদ, ইউনিয়নের সদস্য নুরুল ইসলাম, লোমান, হারিজুল ইসলাম, ডাবলু লোমানসহ ইউনিয়নের সকল বিভাগের সদস্য ও নেত্রীবৃন্দ ।

শপথ অনুষ্ঠান পরিচালনা করেন শ্রমিক ইউনিয়নের আশরাফুল হক।

উল্লেখ্য গত ১৭ অক্টোবর ৯ বারের সাধারণ সম্পাদক মাসুদুর রহমান মাসুদের চাকুরী মেয়াদ শেষ হওয়ায় এ পদটি শৃন্য হয়ে যায়। শুন্য হওয়ায় পর সহ সাধারণ সম্পাদক হাফিজুর রহমানকে আজ শপথ শেষে ভারপ্রাপ্ত সাধারন সম্পাদক পদে অধিষ্ঠিত করা হয়।

দর্শনা কেরু চিনিকলের নিরাপত্তা কর্মীদের ৪৯০ টাকা পারিশ্রমে মানবেতর জীবন যাপন

দর্শনা কেরু চিনিকলের অধিনে নিরাপত্তা প্রতিদিনে হাজিরা ৪৯০ টাকা যা দিয়ে দিনপাত করা কঠিন হয়েছে। একদিকে দিন হাজিরা কম অপরদিকে নিত্য প্রয়োজনীয় জিনিসের মুল্যে বৃদ্ধি হওয়ায় সংসার চালাতে নাভিশ্বাস হয়ে পড়েছে এমটি বলেন হানিফ নামে নিরাপত্তা কর্মী।

এছাড়া ডিউটি থাকলে হাজিরা না থকলে হাজিরা হবে না এ নিয়মে চলছে এসব নিরাপত্তা সদস্যরা। বিগত ১৬ থেকে ২০ বছর ধরে এ ভাবেই চলে আসছে বলে জানান হাবিলদার জসিম উদ্দিন। সেটাপে অধিনে ৬০জন থাকার

কথা থাকলেও সেখানে ৫৮জন নিরাপত্তা সদস্য রয়েছে । দুইটি পদ শূন্য রয়েছে। ফলে এ ৫৮ জন নিরাপত্তা সদস্য মিলের সিকিউরিটি দিয়ে যাচ্ছে এসব নিরাপত্তা সদস্যরা।

এ বিষয়ে সহকারী ব্যবস্থাপক বা নিরাপত্তা অফিসার মোজাহিদুল ইসলামের নিকট নিরাপত্তা সদস্যদের দিন হাজিরা বাড়ানো হবে কিনা জানতে চাইলে তিনি বলেন, না এমন কোন উদ্যোগ নেই। তবে কর্তৃপক্ষকে হাজিরা বাড়ানো বিষয় উদ্যোগ নেয়া হয়নি। উদ্যোগ নেবেন কিনা জানতে চাইলে তিনি বলেন না। তবে কোন সময় এ বিষয় কথা উঠলে কর্তৃপক্ষকে বলে দেখার চেষ্টা করবো।

নিরাপত্তা শ্রমিকদের দাবী বর্তমান বাজার দরের দিকে লক্ষ্য রেখে আমাদের দিন হাজিরা বাড়িয়ে দিলে আমরা ছেলে মেয়ে নিয়ে ভালভাবে খেয়ে পরে বাচঁতে পারতাম। বিষয়টি মানবিক দিক বিবেচনা করে দিন হাজিরা বাড়ানোর দাবী করেছে এসব নিরাপত্তা সদস্যরা।

কুষ্টিয়ায় সার ও ডিম ব্যবসায়ীকে ভোক্তা অধিকারের জরিমানা

কুষ্টিয়া সদর উপজেলা পাটিকাবাড়ি বাজারে ডিমের আড়তে নির্ধারিত মূল্যের বেশি দামে ডিম বিক্রি ও বিক্রয় ভাউচার যথাযথভাবে সংরক্ষণ না করার দায়ে একটি প্রতিষ্ঠানটিকে ১০ হাজার টাকা জরিমানা করা হয়েছে।

এছাড়া সরকার নির্ধারিত মূল্য অপেক্ষা অধিক মূল্যে সার বিক্রয়ের অপরাধে হালসা বাজারে মেসার্স সুমন ট্রেডার্স কে ১০ হাজার টাকা এবং মেসার্স সামাদ এন্ড ব্রাদার্স কে ১০ হাজার টাকা জরিমানা করা হয়।

গতকাল বুধবার দুপুরে জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর কুষ্টিয়ার সহকারী পরিচালক সুচন্দন মন্ডল এ অভিযান পরিচালনা করে।

তিনি জানান, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের নিয়মিত বাজার তদারকির অংশ হিসেবে আজ সদর উপজেলার পাটিকাবাড়ি বাজার এবং হালসা বাজারে অভিযান পরিচালিত হয়।

অভিযানকালে দেড় টাকা বেশি দামে ডিম বিক্রির অপরাধে কুষ্টিয়া সদর উপজেলার পাটিকাবাড়ি বাজারে লিটন ডিমের আড়ত কে ১০ হাজার টাকা, সরকার নির্ধারিত মূল্য অপেক্ষা অধিক মূল্যে সার বিক্রয়ের অপরাধে হালসা বাজারে মেসার্স সুমন ট্রেডার্স কে ১০ হাজার টাকা এবং মেসার্স সামাদ এন্ড ব্রাদার্স কে ১০ হাজার টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়। পাশাপাশি পাইকারি ব্যবসায়ীদের ক্রয় ও বিক্রয় ভাউচার সংরক্ষণ করতে নির্দেশনা দেওয়া হয় এবং খুচরা ব্যবসায়ীদের মূল্য তালিকা প্রদর্শন করতে এবং যৌক্তিক মূল্যে পণ্য বিক্রয় করতে নির্দেশনা দেওয়া হয়। জনস্বার্থে এ অভিযান চলমান থাকবে বলেও জানান তিনি।

অভিযানে উপসহকারী প্রাণিসম্পদ কর্মকর্তা মো: আব্দুর রশিদ, জেলা স্যানিটারি ইন্সপেক্টর মো: আরাফাত আলী এবং ছাত্র প্রতিনিধি জনাব আব্দুল্লাহ আল মাহমুদসহ আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্যরা উপস্থিত ছিলেন।

মেহেরপুরে লাগামহীন সবজি বাজার

সবজিভান্ডার খ্যাত মেহেরপুরের সবজি যায় সারা দেশে। অথচ, সেই জেলার সবজির বাজারে এখন আগুন। সপ্তাহের ব্যবধানে কাঁচা মরিচ বিক্রি হচ্ছে ৫০০ টাকা কেজি। সবজি বাজারে গিয়ে নিম্নবিত্ত মধ্যবিত্ত ও উচ্চবিত্ত সবারই অবস্থা এখন নাজেহাল।

সপ্তাহের ব্যবধানে লাগামহীনভাবে দাম বাড়ার কারণে স্বস্তি ফিরছে না কিছুতেই। কাঁচাবাজার নিয়ে এমনটাই অভিযোগ ভোক্তাদের। বাজার মনিটরিং না থাকার কারনে সবজির বাজার অস্থির বলে মনে করছেন ক্রেতারা। বাজার মনিটরিং এর জোর দাবি জানান ভোক্তারা।

সাপ্তাহিক হাটের দিনে গতকাল মঙ্গলবার (১৫ অক্টোবর) সকালে গাংনী সবজি বাজার ও গত সোমবার গাঁড়ডোব পুড়াপাড়া সাপ্তাহিক হাট,

মেহেরপুর শহরের কাঁচাবাজারসহ বেশ কয়েকটি বাজার ঘুরে এ চিত্র দেখা যায়।

বাজারে মানভেদে প্রতি কেজি গোল বেগুন ১২০ টাকা, লম্বা বেগুন ১০০ টাকা, করলা ৮০ টাকা, ঢেঁড়শ ৬০ টাকা, মুলা ৭০, পটোল ৭০ টাকায় বিক্রি হচ্ছে। এছাড়া প্রতি কেজি পেঁপে ৩০ টাকা, কচুর মুখী ৭০, টমেটো ১৬০, শিম ২০০ ও শসা বিক্রি হচ্ছে ৫০ টাকায়।

প্রতি কেজি আলু বিক্রি হচ্ছে ৫৫-৬০ টাকায়, প্রতি পিস লাউয়ের জন্য গুনতে হচ্ছে ৫০ টাকা। এদিকে পেঁয়াজ প্রতি কেজি ১১০ টাকা, রসুন ২৪০ টাকা, কলা (ইরি) ৩০ টাকা, কাঁচ কলা ৮০ টাকা, পেঁপে ৩০ টাকা, লতি (প্রতি আটি) ৮০ টাকা, কুমড়ার জালি (প্রতি পিচ) ৫০ টাকা, বরবটি প্রতি কেজি ১০০ টাকা, ঢেঁড়স ৭০, ঝিঙা ৬০ টাকা, ওল ৮০ টাকা, শসা ৪০ টাকা, মাটির নিচের আলু (হরিনপেয়ি) ২০০ টাকা, মাটির নিচের আলু (তিনপাতা) ৮০ টাকা, জলপাই ৬০ টাকা, ধুন্দল ৪০ টাকা, মিষ্টি কুমড়া ৫০ টাকা, বাঁধাকপি ৪০ টাকা, ফুলকপি ১০০ টাকা, আদা ৩৪০ টাকা, করল্লা ৬০ টাকা।

এছাড়া লালশাকের আঁটি ২০ টাকা, প্রতি কেজি পুঁইশাক ৩০ টাকা, লাউশাক (প্রতি আটি) ৩০ টাকা, মুলাশাক (প্রতি আটি) ৩০ টাকা, ডাটাশাক (প্রতি আটি) ৩০ টাকা, কলমিশাক (প্রতি আটি) ১০-১৫ টাকা ও পালংশাক ৩০ টাকায় বিক্রি হচ্ছে।

গাঁড়াডোব পুড়াপাড়া বাজারের সবজি ব্যবসায়ী মোয়াজ্জেম হোসেন জানান, টানা বৃষ্টির কারণে মাঠকে মাঠ সবজি নষ্ট হয়ে গেছে। যে কারণে, গত ১৫ দিন যাবৎ সবজির এই দাম বৃদ্ধি হয়েছে। তবে, এখন থেকে কমতে শুরু েকেরছে।

মেহেরপুর শহরের বড় বাজারের সবজি ব্যবসায়ী আব্দুস সালাম ও জুলহাস হোসেন জানান, স্থানীয়ভাবে উৎপাদিত সবজির দাম হঠাৎ করে ফড়িয়া আড়তদাররা বাড়িয়ে দিয়েছেন। তাই বাজারে সবজি বিক্রি কমে গেছে।

নিত্যপণ্যের বাজার নিয়ন্ত্রণে নিয়মিত বাজার মনিটরিংয়ের দাবি ক্রেতা ও বিক্রেতা উভয়েরই। ক্রেতারা বলছেন, নিয়মিত বাজার মনিটরিং করা হয় না। এতে বিক্রেতারা ইচ্ছেমতো দাম বাড়ানোর সুযোগ পান।

আর বিক্রেতারা বলছেন, কিছু অসাধু ব্যবসায়ী ইচ্ছেমতো দাম বাড়াচ্ছে। বাজারে নিয়মিত অভিযান চালালে অসাধুদের দৌরাত্ম্য কমবে।

গাংনী উপজেলার সবজি গ্রাম সাহারবাটির সবজি চাষি মহিবুল ইসলাম, কামাল হোসেনসহ বেশ কয়েকজন চাষি জানান, এবার ১০ বিঘা, ৫ বিঘা ৩ বিঘা জমিতে কাঁচা মরিচ চাষ করেছেন। ঢাকা, চিটাগাং, খুলনাসহ দেশের বিভিন্ন স্থান থেকে ব্যবসায়ীরা এখানে এসে ট্রাক বোঝায় করে সাড়ে ৩০০ থেকে সাড়ে ৩০০ টাকা কেজি দরে জমি থেকে কাঁচা মরিচ পাইকারি কিনে নিয়ে যাচ্ছেন। এবার কাঁচা মরিচ উৎপাদন করে লাভবান হয়েছেন এলাকার চাষিরা। কিন্তু বাজারে এর দাম আকাশচুম্বী হওয়ায় কৃষকের চেয়ে কয়েকগুণ বেশি লাভবান হচ্ছেন মধ্যস্বত্বভোগী ফড়িয়া আড়তদারেরা।

মেহেরপুর বড় বাজারের আড়তদার আবুল বাশার খোকন বলেন, ‘মাঠ থেকে কাঁচা মরিচসহ অন্যান্য সবজি বাইরের ব্যবসায়ীরা কিনে নিয়ে যাচ্ছেন। তাই মাঠের ঝাল বাজারে এসে আরও ঝাঁজালো হচ্ছে। সবজির চাহিদা থাকায় এবার কৃষক ও ব্যবসায়ী উভয়ই লাভবান হচ্ছেন।’

মেহেরপুর তহবাজার ব্যবসায়ী সমিতির সভাপতি আবু হানিফ জানান, টানা অতিবৃষ্টির কারণে এবার জেলার বিস্তির্ণ সবজি ফসল নষ্ট হয়েছে। দেশের বিভিন্ন স্থানেও সাম্প্রতিক বন্যা অতিবৃষ্টির কারণে অন্যান্য ফসলসহ সবজি নষ্ট হয়েছে। ফলে আমাদের জেলার সবজির ওপর বাইরের চাপ বেড়েছে। বর্তমান বাজারে বাইরের ক্রেতাদের সংখ্যাও অনেক বেশি। তারা সরাসরি মাঠ থেকে সবজি কিনে ট্রাকে করে রাজধানীসহ বিভিন্ন স্থানে নিয়ে যাচ্ছেন। প্রতিদিন ৩৫-৪৫ ট্রাক সবজি সারা দেশে বিক্রির উদ্দেশ্যে চলে যায়। যে কারণে স্থানীয় বাজারেও সবজির দাম বেড়েছে।

মেহেরপুর জেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপপরিচালক বিজয় কৃষ্ণ হালদার জানান, মেহেরপুর জেলা সবজিখ্যাত। প্রতি বছরের ন্যায় এবারও কৃষকরা সবজি চাষ করেছেন। সাম্প্রতিক টানা বর্ষণে সবজি খ্যাত কিছুটা নষ্ট হলেও উৎপাদন খুব একটা খারাপ হয়নি। এবার চাষিরা তাদের উৎপাদিত সবজি ফসলের ন্যায্যমূল্য পাচ্ছেন। দেশের বিভিন্ন স্থানে বর্ষায় প্লাবিত হয়ে সবজি খেত নষ্ট হয়ে যাওয়ায় মেহেরপুরের সবজির দাম ঢাকার সমান হয়ে গেছে। এবার সাড়ে ৪ হাজার ২৪১ হেক্টর জমিতে সবজির চাষ হয়েছে এবং ফলনও খুব ভালো হয়েছে। তবে বাজার ব্যবস্থাপনার সুষ্ঠু বণ্টন করতে পারলে সবজিসহ সব পণ্যের দাম নিয়ন্ত্রণে থাকবে।

মেহেরপুর জেলা প্রশাসক সিফাত মেহনাজ বলেন, সবজি বাজার নিয়ন্ত্রণে ইতোমধ্যে অতিরিক্ত জেলা প্রশাসক (এডিসি সার্বিক) কে আহবায়ক করে

টাস্কফোর্স গঠণ করা হয়েছে। যেখানে ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর রয়েছে। বাজার মনিটারিং কমিটি বাজার নিয়ন্ত্রণ করতে ইতোমধ্যে অভিযান শুরু করেছেন। আমরা আশা করছি দ্রুতই সব জিনিসের দাম সহনশীল পর্যায়ে পৌছাবে।

মেহেরপুরে ভোক্তার অভিযান, গ্যাসের দোকানে জরিমানা

খোলা বাজারে গ্যাস সিলিন্ডার বিক্রির ভাউচার না দেওয়ার অপরাধে মেহেরপুর শহরে ২ প্রতিষ্ঠান মালিকের নিকট থেকে ২০ হাজার টাকা জরিমানা আদায় করেছে জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের ভ্রাম্যমান অভিযান।

আজ মঙ্গলবার (১৫ অক্টোবর) বিকালে শহরের কাঁসারি বাজার এবং বড়বাজার এলাকায় এই অভিযান চালানো হয়।

মেহেরপুর জেলা জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের সরকারি পরিচালক সজল আহমেদ এই অভিযান পরিচালনা করেন।

তিনি জানান, শহরের কাঁসারি বাজার এলাকার সবুজ এবং বড়বাজার এলাকার আগরওয়ালার গ্যাসের দোকানে অভিযান চালানো হয়। এসময় বিক্রেতার কাছে গ্যাস বিক্রির ভাউচার না দেওয়ার অপরাধে ভোক্তা অধিকার সংরক্ষণ আইন ২০০৯ এর ৪৫ ধারায় সবুজের নিকট থেকে ১৫ হাজার টাকা এবং আগরওয়ালার ৫ হাজার টাকা সহ ২০ হাজার টাকা জরিমানা করা হয়।

এছাড়া এসময় নিত্য প্রয়োজনীয় পণ্যের দোকান, সবজি, মাছ মাংসসহ বিভিন্ন দোকানে সতর্কতাসুলক লিফলেট বিতরণ ও সাধারণ ব্যবসায়ীদের আইন মেনে সতর্কতার সাথে ব্যবসা করার পরামর্শ দেওয়া হয়।

দর্শনার কেরুজে সুগারক্যান প্লান্টা মেশিনে আখ রোপনের শুভ উদ্বোধন

দর্শনা কেরুজ ডিহি ও আড়িয়া খামারে সুগারক্যান প্লান্টার মেশিনে আখ রোপনের শুভ উদ্বোধন অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে। প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে উদ্বোধন করেন কেরু এ্যান্ড কোম্পানির ব্যাবস্থাপনা পরিচালক রাব্বিক হাসান।

এ সময় তিনি বলেন, এ সুগারক্যান প্লান্টার মেশিনে আখ লাগালে খরচ কমবে অন্যদিকে লেবার খরচ বাঁচবে। তাই আমরা আধুনিক পদ্ধতিতে চাষ করলে ফলন ও চিনির আহরন বাড়বে। তাই আমরা আগামীতে আরও প্লান্টার মেশিন নিয়ে আসা যায় কিনা সে চিন্তা ভাবনা করছি। আমরা পাবলিকদেরও সহযোগিতা করতে পারি কিনা সে দিকে আমাদের খেয়াল আছে।

অপরদিকে মঙ্গলবার বেলা সাড়ে ১১ টার দিকে মিলসগেট পশ্চিম সাবজোনের ২০নং ইউনিটের ঈশ্বরচন্দ্রপুরে সরাসরি ও পরীক্ষামূলক খামারে রোপা পদ্ধতিতে বেডে আখরোপনের শুভ উদ্বোধন করেন।

এ সময় উপস্থিত ছিলেন, মহাব্যবস্থাপক (কৃষি) মোহাম্মদ আশরাফুল আলম ভূঁইয়া, ডিজিএম (সম্প্রাসারন মাহবুবুর রহমান ও সাবজোন প্রধান মোজতাহিদুল ইসলামসহ সিডিএ গাজী মিজানুর রহমান। পরে ব্যবস্থাপনা পরিচালক কেরুজ বায়োফার্টিলাইজার প্লাণ্ট পরিদর্শন করেন এবং আয় আয়-ব্যয়ের খোঁজ -খবর নেন পাশাপাশি সংশ্লিষ্ট কর্মকর্তা ও কর্মচারিদের আয় বর্ধনের জন্য বিভিন্ন দিক নির্দেশনা প্রদান করেন।

তিনি বলেন, আপনারা আখ চাষ করুন আগামীতে আখের মৃল্য আরও বৃদ্ধি করা হবে। আপনারা আখ লাগাবেন এবং সার্বিক সহিযোগিতা করবে কেরু এ্যান্ড কোম্পানি। এ মিল আপনাদের এ মিল টিকে থাকলে আপনাদের অর্থনৈতিক ভাবে সচ্ছলতা আসবে। আগামী অর্থ বছরে আখের মৃল্য টন প্রতি ৬ হাজার টাকা নির্ধারন করা হবে।

তিনি আরও বলেন ভাল বীজের আখ লাগাবেন আপনার লাভবান হবেন এবং পরিস্কার -পরিচ্ছন্ন আখ সরবাহ করবেন।অধিক চিনি আহরনের জন্য পরিস্কার -পরিচ্ছন্ন ও টপট্রাসমুক্ত আখ মিলে সরবরাহ করার আহব্বান

জানান তিনি।

মেহেরপুর হোটেল বাজার ব্যবসায়ী সমিতির আহ্বায়ক কমিটি গঠন

মেহেরপুর হোটেল বাজার ব্যবসায়ী সমিতির আয়োজনে এক বর্ধিত সভায় ৫ সদস্যের আহ্বায়ক কমিটি গঠিত হয়। গতকাল শুক্রবার সন্ধ্যা ৭ টার দিকে মেহেরপুর পৌর কমিউনিটি সেন্টারে এ কমিটি গঠন করা হয়।

ব্যবসায়ী মোঃ শামীমুল ইসলামকে আহ্বায়ক এবং মোঃ তৌফিকুর রহমানকে যুগ্ন-আহ্বায়ক করে গঠিত কমিটির সদস্যরা হলেন মোঃ হাসেম আলী, মোঃ সালাউদ্দিন (ভোলা) এবং মোঃ মামুনুর রশিদ। দেশের চলমান পরিস্থিতিতে বাজারের শান্তি-শৃঙ্খলা বজায় ও ব্যবসায়ীদের নির্বিঘ্নে ব্যবসা বাণিজ্য পরিচালনায় সহযোগিতা প্রদানের লক্ষে বর্ধিত সভা অনুষ্টিত হয়।

বর্ধিত সভার সভাপতিত্ব করেন হোটেল বাজার ব্যবসায়ী সমিতির সাবেক সভাপতি মোঃ আব্দুল হান্নান। এছাড়াও এসময়, হোটেল বাজার ব্যবসায়ী সমিতির সাবেক সাধারণ সম্পাদক মোঃ জাহিদ ইকবাল সিমন, ব্যবসায়ী মোঃ মমিনুল ইসলাম, মোঃ আলী আকবর, মোঃ হাসান রসুল, আবু হোসেন কাকন, মোঃ রাশেদ খান, মোঃ বিল্লাল হোসেন মিঠু প্রমুখ উপস্থিত ছিলেন।

দামুড়হুদায় ভ্রাম্যমাণ আদালতে

তিনটি প্রতিষ্ঠানে জরিমানা

দামুড়হুদা উপজেলা সদরের তিনটি প্রতিষ্ঠানকে ১২ হাজার টাকা জরিমানা করেছেন ভ্রাম্যমাণ আদালত। ভ্রাম্যমান আদালত পরিচালনা করেন চুয়াডাঙ্গা জেলা ভোক্তা অধিকার সংরক্ষণ এর সহকারী পরিচালক সজল আহমেদ।

আজ বৃহস্পতিবার সকাল ১১ টার দিকে দামুড়হুদা চৌরাস্তার মোড়ে মেসার্স সেলিম মিষ্টান্ন ভাণ্ডার, টুকিটাকি ষ্টোর ও মেসার্স আলফাজ ডিম হাউজের মালিককে এ জরিমানা করা হয়।

জানাযায়,দামুড়হুদা সদরের তিনটি প্রতিষ্ঠানে পণ্য বিক্রয়ের মুল্য তালিকা প্রদর্শন না করে পণ্য বিক্রয় করার অপরাধে দোষি সাবস্ত করে ভোক্তা অধিকার সংরক্ষণ আইন ২০০৯ এর ৩৭/৪৩ ধারায় চৌরাস্তার মোড়ে মেসার্স সেলিম মিষ্টান্ন ভাণ্ডারের মালিক সেলিম উদ্দীনকে ৪ হাজার টাকা, ৩৮/৪৫ ধারায় মেসার্স আলফাজ ডিম হাউজের মালিক মোহাম্মদ আলিকে ৩ হাজার টাকা এবং একই আইনে মেসার্স টুকিটাকি ষ্টোরের মালিককে ৫ হাজার টাকা জরিমানা করেছেন ভ্রাম্যমাণ আদালত।

ভ্রাম্যমান আদালত পরিচালনায় সহযোগিতা করেন দামুড়হুদা মডেল থানা’র পুলিশ।

মৃদুলের বিরুদ্ধে গ্রেফতারি পরোয়ানা

সাবেক জনপ্রশাসন মন্ত্রী ফরহাদ হোসেন ছোট ভাই মেহেরপুর জেলা যুবলীগের যুগ্ম আহবায়ক শহীদ শরফরাজ হোসেন মৃদুলের বিরুদ্ধে গ্রেফতারি পরোয়ানা জারি করেছে আদালত।

গত মঙ্গলবার মেহেরপুরের সাব জজ-২ আদালতের বিচারক এস এম কবির হোসেন এ আদেশ দেন। এবং এর আগে আদালত তার বিরুদ্ধে চার্জ গঠণ করেন। আগামী ২৮ নভেম্বর সাক্ষীর শুনানি ধার্য করা হয়েছে।

গত বছর সরফরাজ হোসেন মৃদুলের ব্যবসায়ীক পার্টনাল দেবাশীষ বাগচি আদালতে এক কোটি ৮০ লাখ টাকার চেক ডিজঅনারের একটি মামলা করেন।যার মামলা নম্বর-৯০৭/২৩ (মেহেরপুর)।

মামলার এজহারে জানা গেছে, পারিবারিক সূত্রে বহু বছর যাবৎ ঠিকাদারি ব্যবসা করে আসছি। সে ধারাবাহিকতায় ২০১৫ সালে শহীদ সরফরাজ হোসেন মৃদুলের সঙ্গে যৌথভাবে ঠিকাদারি ব্যবসা শুরু করি। ২০১৫ থেকে ২০২০ সাল পর্যন্ত গণপূর্ত, জনস্বাস্থ্য, শিক্ষা প্রকৌশলী, এলজিইডিসহ বিভিন্ন প্রতিষ্ঠানের প্রায় ৩০ থেকে ৩৫টা নির্মাণকাজ সম্পূর্ণ করেছি। যার আনুমানিক মূল্য প্রায় ২৫ থেকে ২৭ কোটি টাকা। ২০২১ সালের প্রথম দিকে যৌথ ঠিকাদারি ব্যবসা পরিসমাপ্তি ঘটালে তার সঙ্গে আমার মূলধন ও লভ্যাংশসহ আনুমানিক দুই কোটি ৫০ লাখ টাকার বেশি পাওনা হয়। প্রাপ্য টাকা না পেয়ে আমি, আমার ও তার পরিবারের লোকজনসহ জেলা যুবলীগের অন্যান্য নেতৃবৃন্দকে অবহিত করি। এক সময় সবার হস্তক্ষেপে ২০২৩ সালের জানুয়ারিতে আমার সঙ্গে হিসাব করতে রাজি হয়। আমি হিসাবে বসতে বললে বিভিন্ন অজুহাতে সময় ক্ষেপণ করে একপর্যায়ে আইনগত ব্যবস্থা নেওয়ার কথা বললে তখন সে মৌখিকভাবে এক কোটি ৮০ লাখ টাকা দেবার প্রতিশ্রুতি দিয়ে মীমাংসা করে এবং আমাকে চলতি বছরের জুলাই মাসের ১৬ তারিখে ঢাকায় যেতে বলে। ঢাকার আদাবরে তার বাসার সামনে গেলে রিংরোড সাহাবুদ্দিন প্লাজার ওসিস কফিশপে বসে আমাকে ২৪ জুলাই তারিখ দিয়ে রূপালি ব্যাংক মেহেরপুর শাখার এক কোটি ৮০ লাখ টাকার একটি চেক প্রদান করেন বাদী।

আমি চেকে দেওয়া তারিখ অনুযায়ী ২৪ জুলাই টাকা উত্তোলনের জন্য অগ্রণী ব্যাংকে চেক জমা করি। এক সপ্তাহ পর ব্যাংক থেকে চেক ডিজঅনার দেখিয়ে সার্টিফিকেট প্রদান করে। যেখানে লেখা আছে, গত ৪ এপ্রিল ২০২১ তারিখে অ্যাকাউন্ট বন্ধ করা হয়েছে। ১ আগস্ট ২০২৩ তারিখে ব্যাংক চেক ডিজাঅনার সার্টিফিকেট দেয়। আমি বিষয়টি আসামীকে জানালে সে আমাকে আজকাল করে ঘুরিয়ে নিয়ে বেড়াতে থাকে। অতঃপর আমি বিজ্ঞ এ্যাডভোকেট সাহেবের মাধ্যমে গত ৩০ আগস্ট আসামী বরাবর এন আই এক্ট ১৮৮১ এর বিধান মতে ডাকযোগে নোটিশ প্রদান করিয়া চেকে উল্লেখিত এক কোটি আশি লক্ষ টাকা পরিশোধ করিয় চেকটি ফেরত অথবা বাতিল করার অনুরোধ করি।

চেক ডিজঅনারের মামলায় করায় মন্ত্রীর ক্ষমতায় মৃদুল উল্টো দেবাশীষ বাগচীর বিরুদ্ধে চেক চুরির মামলা করে। পরে ওই মামলায় পুলিশ চেক উদ্ধারের জন্য দেবাশীষের বাড়িতে তল্লাশি চালিয়ে হয়রানি

করে।

ওই ঘটনার পরে গতবছরের ৫ সেপ্টেম্বর সকাল সাড়ে ১১টায় মেহেরপুরের সোডাপ মিলনায়তনে জেলা যুবলীগের যুগ্ম আহবায়ক শহীদ সরফরাজ হোসেন মৃদুলের বিরুদ্ধে করা সংবাদ সম্মেলনে পাওনা টাকা ও ন্যায়বিচার না পেলে পরিবারসহ আত্মহত্যার হুমকি দিয়েছিলেন মেহেরপুর জেলা যুবলীগের আহবায়ক কমিটির সদস্য দেবাশীষ কুমার বাগচি মনু।